দৈনিক ইত্তেফাক

তারিখ 14 JAN 1989
পৃষ্ঠা ... 2 ... ৪ ...

25

## শিক্ষামন্ত্রণালয়ের নিকট আবেদন

৮৭ সালের ২২শে মার্চ হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে আমাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগপত্র দেওয়া হয়। কিন্তু প্রায় ১৮ মাস চাকুরী করার পরও আমরা বেতন পাইতেছি না। এই ব্যাপারে কর্তৃপক্ষের নিকট আবেদন করা হইলে তাঁহারা জানান যে, আমাদের চাকুরীতে এম,পি, সাহেবের অনুমোদন না থাকায় আমাদের চাকুরী চূড়ান্ত হিসাবে গণ্য হয় নাই। জানা যায় যে, মাননীয় এম,পি, এবং উপজেলা চেয়ারম্যান সাহেবের মধ্যে মত পার্থক্যের কারণে তিনি স্বাক্ষর দিতে অস্বীকৃতি জানান। প্রায় ১৮ মাস চাকুরীর পর কিভাবে আমাদের চাকুরী চূড়ান্ত হিসাবে গণ্য হয় না, তাহা আমাদের বোধগম্য নয়।

বিষয়টি সম্পর্কে শিক্ষামন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে জানানোর পরও কোন স্থির সিদ্ধান্ত পাইতেছি না। এইদিকে, দেশের ভয়াবহ বন্যার ফলে আমরা প্রত্যেকেই ভীষণভাবে ক্ষতিগ্রস্ত, তদুপরি আমাদের দীর্ঘদিন বেতন না থাকার জন্য ১৮জন শিক্ষক-শিক্ষিকা সন্তান-সন্ততি নিয়ে কিভাবে যে কালাতিপাত করিতেছি তাহা একমাত্র ভাগ্যবিধাতাই জানেন। এইরূপ অভাব-অনটনের মধ্যে চলা, আমাদের পক্ষে খুবই কষ্টসাধ্য হইয়া পড়িয়াছে।

এই ব্যাপারে অতিসত্বর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন করিতেছি।

—মোঃ জাফর আলী, গাং ও পোঃ বাহুবল, হবিগঞ্জ।